

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

Bangladesh Water Development Board

Office of the Executive Engineer
Manikganj WD Division
BWDB, Joyra, Manikganj.
Telephone No.02998814121
E-mail: xn.manikganj@yahoo.com



নির্বাহী প্রকৌশলীর দপ্তর
মানিকগঞ্জ পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, জয়ড়া, মানিকগঞ্জ।
টেলিফোন নং-০২৯৯৮৮১৪১২১
ই-মেইলঃ xn.manikganj@yahoo.com

স্মারক নং-ই-৩/১০৯৫

তারিখ: ২৮/০৬/২০২৬খ্রি:

"সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মানিকগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মানিকগঞ্জ দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর বিধি ৮০(১)(ঘ) মোতাবেক সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৩.০০ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ক্রয় এবং ২৫.০০ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৬-২৭ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারীদের নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে এবং ইতিপূর্বে তালিকাভুক্ত ঠিকাদারদের মধ্যে যারা ২০২৬-২৭ অর্থ বছরে ঠিকাদার তালিকাভুক্ত লাইসেন্স নবায়ন করতে ইচ্ছুক তাদেরকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নতুন তালিকাভুক্ত ও তালিকাভুক্ত লাইসেন্স নবায়নের জন্য অনুরোধ করা হলো। ঠিকাদার তালিকাভুক্তি/নবায়ন কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর ঠিকাদার তালিকাভুক্তি/নবায়নের আবেদন গ্রহণ/বিক্রয় করা হবে না।

১।	মন্ত্রণালয়	পানি সম্পদ মন্ত্রণালয়
২।	সংস্থা	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩।	ক্রয়কারীর নাম	নির্বাহী প্রকৌশলী(পুর), মানিকগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মানিকগঞ্জ।
৪।	আবেদনকারীর যোগ্যতা	(১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, (২) ভ্যাট ও ট্যাক্স সার্টিফিকেট, (৩) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ল্যাব প্রিন্ট ছবি, (৪) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, (৫) বাপাউবোর নির্ধারিত ফরমে ৩০০.০০(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা, (৬) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (কার্য এর জন্য ২৫.০০ লক্ষ টাকা এবং পণ্য এর জন্য ৩.০০ লক্ষ টাকা)।
৫।	আবেদন ফি	আবেদন ফরম ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র(রয়াক), বাপাউবো, ঢাকা অথবা Deputy Director, Dhaka Regional Accounts Center, BWDB, Dhaka বরাবরে।
৬।	তালিকাভুক্তিকরণ ও নবায়ন ফি	নতুন তালিকাভুক্তির জন্য ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকা, নবায়নের জন্য ২০০০.০০ (দুই হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৩০০.০০(তিনশত) টাকা পৃথক পৃথক অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র(রয়াক), বাপাউবো, ঢাকা অথবা Deputy Director, Dhaka Regional Accounts Center, BWDB, Dhaka বরাবরে।
৭।	আবেদনপত্র প্রাপ্তির স্থান	প্রাক্কলন শাখা, নির্বাহী প্রকৌশলী(পুর) এর দপ্তর, মানিকগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মানিকগঞ্জ।
৮।	ফরম বিক্রয়ের আরম্ভের তারিখ	০১-০৭-২০২৬খ্রি: সকাল ৯.০০ ঘটিকা
৯।	ফরম বিক্রয়ের শেষ তারিখ	৩০-০৭-২০২৬খ্রি: বিকাল ৫.০০ ঘটিকা
১০।	নতুন তালিকাভুক্তি/নবায়নের আবেদন জমাদানের শেষ তারিখ	০৩-০৮-২০২৬খ্রি: বিকাল ৫.০০ ঘটিকা
১১।	আবেদনপত্র দাখিল	প্রাক্কলন শাখা, নির্বাহী প্রকৌশলী(পুর) এর দপ্তর, মানিকগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মানিকগঞ্জ দপ্তরে দাখিল করতে হবে।

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদনপত্র যাচাই-বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতাবান। সীমিত দরপত্র পদ্ধতিতে(LTM) অংশগ্রহণের জন্য e-GP Registration থাকা আবশ্যিক।

Azamm
২৪.০৬.২০২৬

(মুহাম্মদ আক্তাবুজ্জামান)
নির্বাহী প্রকৌশলী
মানিকগঞ্জ পানি উন্নয়ন বিভাগ

বাপাউবো, মানিকগঞ্জ।
তারিখ: ২৮/০৬/২০২৬খ্রি:

স্মারক নং-ই-৩/১০৯৫/১(৭)

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পানি উন্নয়ন সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্সট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, পানি ভবন, লেভেল-৬ (৭ম তলা), ৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫।
- ৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, লেভেল-৯ (১০ম তলা), ৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫। বিজ্ঞপ্তিটি বহল প্রচারিত জাতীয় ও স্থানীয় পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, লেভেল-৬ (৭ম তলা), ৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫। নোটিশটি বাপাউবোর ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র(রয়াক), বাপাউবো, ঢাকা।

Azamm
২৪.০৬.২০২৬

নির্বাহী প্রকৌশলী
মানিকগঞ্জ পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, মানিকগঞ্জ।

Azamm
২৪/০৬
২৬